**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি**
**যশোর শাখা।**
**২৮-২৯, এম কে রোড, যশোর সদর, যশোর।**
**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব- শেখ রওশন আলী (বর্তমান মৃত) , পিতা- মৃত শেখ শামসুদ্দিন, মাতা-মৃত হাজেরা খাতুন , ব্যবসায়িক ঠিকানা-চাওলিয়া মোড়, রুপদিয়া, যশোর, স্থায়ী ঠিকানা- বাড়ী নং -১২১, লোন অফিস পাড়া উত্তরাংশ, লোন অফিস পাড়া, ডাকঘর-যশোর-৭৪০০, কোতয়ালী, যশোর পৌরসভা,যশোর, কর্তৃক ইউসিবি পিএলসি, যশোর শাখা হইতে "আর এম সিড কোল্ড ষ্টোরেজ" নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের অনুকুলে ঋন গ্রহন করেন। উক্ত ঋনের জামানত হিসাবে (১) শেখ রওশন আলী,(২) মোছাঃ তাছলিমা খাতুন,(৩) শেখ গিয়াস উদ্দিন ও (৪) মোঃ মুস্তাক আলী নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋনগ্রহিতার মৃত্যুর পর তাহার ওয়ারেশ (১) শামিমা আক্তার চৌধুরী(স্ত্রী) ,(২) শেখ রায়হান আলী(পুত্র), (৩) বিলকিস হাজেরা(কন্যা), (৪) মেহেজাবিন আক্তার নিঝুম(কন্যা) মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৪/০৯/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১৪,৩০,৫১,৭৬৬.৮৮ (চৌদ্দ কোটি ত্রিশ লক্ষ একান্ন হাজার সাত শত ষেষট্টি টাকা আটাশি পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ১২/১০/২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, যশোর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, যশোর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১। জেলা-যশোর, থানা- কোতয়ালী, মৌজা-বাওলিয়া, জে.এল নং-২০৫, খতিয়ান নং সিএস-১৩৭, এসএ-২৩৭, আরএস-৯৯, ২৭০ ,ডিপি খতিয়ান-১৪৬,৩৮৬, সেপারেশন খতিয়ান নং-৫৫৯, সিএস+এস এ দাগ নং -৩৩২,৩৩৫, আর এস দাগ নং -৬২৫,৬২৯ জমির পরিমাণ ১৮.০০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনদি ।

২। জেলা-যশোর, থানা- কোতয়ালী, মৌজা-চানপাড়া, জে.এল নং-২০৪, খতিয়ান নং-সিএস-৬৪০, এসএ-৭১২, আরএস-৭৪, ডিপি -১৫, সেপারেশন খতিয়ান নং-১১২১, সিএস+এসএ দাগ নং -১৩৫১, আর এস দাগ নং -১৬৮৮ জমির পরিমাণ ২৪.০০ শতাংশ এবং তদুপরিস্থিত এক তলা ভবন ।

৩। জেলা-যশোর, থানা- কোতয়ালী, মৌজা-বারান্দি, জে.এল নং-৯১, এসএ খতিয়ান নং-১৩৬৯, আরএস-৩৯৫০, ডিপি-২০৩৮, সেপারেশন খতিয়ান এসএ নং-৯৮৮৪, ৯৪৯০ , এস এ দাগ নং -৭২২, আর এস দাগ নং -২৫৬৮ জমির পরিমাণ ৯.১৬ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনদি ।

শাখা ব্যবস্থাপক, ইউসিবি, যশোর,শাখা।